গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা
www.coop.khulnadiv.gov.bd

**স্মারক নম্বর:** ৪৭.৬১.০০০০.০০০.২৬১.১৮.০০১২.২৬.২৭

তারিখ: ১ শ্রাবণ ১৪৩৩
১৬ জুলাই ২০২৬

**বিষয়: বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) জুম (BCC Zoom) সেবা।**

সূত্র: জনাব শীষ হায়দার চৌধুরী, এনডিসি, সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-এর আধা-সরকারি পত্র নম্বর: ৫৬.০০.০০০০.০০৩.৯৯.০০১.২৫.২৩৪; তারিখ: ০৩ জুন ২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত আধা-সরকারি পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২। সূত্রোক্ত পত্রে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক পরিচালিত BCC Zoom সেবার মাধ্যমে সরকারি দপ্তরসমূহে নিরাপদ ও কার্যকর ভিডিও কনফারেন্সিং সুবিধা ব্যবহারের বিষয়ে অবহিত করা হয়েছে। একই সঙ্গে সরকারি ব্যয় হ্রাস এবং বৈদেশিক মুদ্রা সাশ্রয়ের বিষয়টিও উল্লেখ করা হয়েছে।

৩। এঅবস্থায়, সূত্রোক্ত পত্রের বিষয়বস্তু অবগত হয়ে আপনার কার্যালয়ের চাহিদা , বিদ্যমান অবকাঠামো এবং প্রযোজ্য সরকারি নির্দেশনা বিবেচনায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**সেবা এবং আরও বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের মোবাইল নম্বর: ০১৭১২৯৩৫১৩৩/০১৭১৭২৮৯২০৯/০১৭৩১২৫৫৪৯৩**

সংযুক্ত: বর্ণনামতে ০২ পাতা।

**সংযুক্তিঃ**

(১) ৫৬.০০.০০০০.০০৩.৯৯.০০১.২৫-২৩৪ - BCC Zoom সেবা ব্যবহারের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ প্রসঙ্গে।

১৬-০৭-২০২৬
মোঃ নূরুন্নবী
বিভাগীয় যুগ্ম নিবন্ধক
ফোন : ০২৪৭৭৭০১৯৮১
ইমেইল : ✉ jr.khulna@coop.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনা/কুষ্টিয়া।
২। জেলা সমবায় কর্মকর্তা (সকল), খুলনা বিভাগ।
৩। উপজেলা সমবায় অফিসার সকল (খুলনা বিভাগ)।

**শীষ হায়দার চৌধুরী, এনডিসি**
সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ফোন: +৮৮ ০২ ৪১০২৪০৩১
ই-মেইল: secretary@ictd.gov.bd

**Shish Haider Chowdhury, ndc**
Secretary
ICT Division
Phone: +88 02 41024031
e-mail: secretary@ictd.gov.bd

আধা-সরকারি পত্র নং-৫৬.০০.০০০০.০০৩.৯৯.০০১.২৫-২৩৪

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ / ০৩ জুন ২০২৫

প্রিয় সহকর্মী,

আমার সালাম ও শুভেচ্ছা নিবেন। আপনি ইতোমধ্যে অবগত আছেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক বাস্তবায়নাধীন "সরকারের ভিডিও কনফারেন্সিং প্লাটফর্ম শক্তিশালীকরণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতির কার্যালয়, মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয়, মাননীয় প্রধান উপদেষ্টার বাসভবন, মন্ত্রিপরিষদ বিভাগসহ দেশের সকল মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার কার্যালয়, জেলা প্রশাসক কার্যালয় এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে সিকিউরড নেটওয়ার্কের (ইন্ট্রানেট/ইন্টারনেট) মাধ্যমে ভিডিও কনফারেন্সিং সার্ভিস পরিচালনা করা হচ্ছে।

২। ভিডিও কনফারেন্সিং সার্ভিসটির মাধ্যমে সরকারের ভ্রমণ ব্যয়, সময় ও জ্বালানি সাশ্রয়ের পাশাপাশি রাজস্ব আয় হয়। ফলশ্রুতিতে ভিডিও কনফারেন্সিং সার্ভিসটির একটি সার্বজনীন বিজনেস মডেল তৈরিকরণের লক্ষ্যে এ বিভাগ হতে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বর্তমানে ক্লাউড ভিত্তিক ভিডিও কনফারেন্স Zoom অত্যন্ত জনপ্রিয়, নির্ভরযোগ্য ও ব্যবহার বান্ধব হওয়াতে সরকারি দপ্তরসমূহে প্রতিনিয়ত অনলাইন সভা পরিচালনার জন্য Zoom প্লাটফর্ম ব্যবহার করা হয়, এতে সরকারের অনেক বৈদেশিক মুদ্রা ব্যয় হচ্ছে। সরকারি ব্যয় হ্রাস এবং বৈদেশিক মুদ্রা সাশ্রয় করার লক্ষ্যে বিসিসি'র বর্তমান ভিডিও কনফারেন্স সার্ভিস এর পাশাপাশি বিসিসি'র ডোমেইনে ইন্টিগ্রেটেড Zoom সার্ভিসটি চালু করা হয়েছে। ইতোমধ্যে মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয়, আইসিটি বিভাগ ও বিসিসিসহ এ বিভাগের প্রকল্পসমূহ সার্ভিসটি ব্যবহার করছে। সরকারিভাবে বিসিসি'র ডোমেইনে ইন্টিগ্রেটেড "BCC Zoom (bcc-gov-bd.zoom.us)" সার্ভিসটি স্বল্প মূল্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থায় সরবরাহ করা হলে সরকারের প্রচুর পরিমাণে বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা সম্ভব হবে।

৩। পরিশেষে **সরকারি ব্যয় হ্রাস এবং বৈদেশিক মুদ্রা সাশ্রয় করার** লক্ষ্যে উল্লিখিত "BCC Zoom" সেবাটি আপনার মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থায় ব্যবহারের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সবিনয় অনুরোধ জানানো হ'ল।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার,

০৩/০৬/২০২৫

শীষ হায়দার চৌধুরী, এনডিসি

জনাব মোঃ ইসমাইল হোসেন (৬০৩০)
সচিব (রুটিন দায়িত্ব)
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ; স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

ICT DIVISION
FUTURE IS HERE

BANGLADESH COMPUTER COUNCIL

# BCC-GOV-BD.ZOOM.US

## OUR SERVICES

- Meetings can hold up to 300 participants
- Screen Sharing
- Annotation
- White Boards
- Breakout rooms
- Chat
- Public Cloud/Host PC Recording
- Polling
- AI Meeting Minutes
- Telephone Audio Connections and many more....
- Add-on Services with Base Package (300 Participant):
  1. Per meeting charge: BDT 2,000 for 500 Participant
  2. Per meeting charge: BDT 5,000 for 1000 Participant
- Customized BCC Zoom Package:
  1. License /Year 500 Participant Charge : BDT 50,000/-
  2. License /Year 1000 Participant Charge : BDT 1,00,000/-

***ALL PRICE EXCLUDING VAT AND TAX

**PACKAGE**
**BDT 6,500/-**
PER YEAR

**Subscription and More Information**

+880 1712 935133,
+880 1717 289209,
+880 1731 255493

**Powered By: Bangladesh Computer Council, ICT Division**
**Technical Support: Strengthening Of Government Video Conferencing Platform Project**